গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১০২

## পাবনাতে আট লক্ষ শিশুকে প্রদান করা হবে টাইফয়েড টিকা
### - সিভিল সার্জন, পাবনা

রাজশাহী; ২৪ আশ্বিন (০৯ অক্টোবর):

শিশুকে টাইফয়েড জ্বর থেকে সুরক্ষা প্রদানের লক্ষ্যে আগামী ১২ অক্টোবর থেকে শুরু হতে যাওয়া টাইফয়েড টিকাদান ক্যাম্পেইনে পাবনা জেলায় প্রায় আট লক্ষ শিশুকে টিকা প্রদান করা হবে বলে জানিয়েছেন জেলাটির সিভিল সার্জন ডা. মো. আবুল কালাম আজাদ। আজ (০৯ অক্টোবর) পাবনা জেলা পরিষদ হলরুমে জেলা তথ্য অফিস আয়োজিত গণমাধ্যম কর্মীদের অংশগ্রহণে কনসালটেশন কর্মশালায় সভাপতির বক্তব্যে তিনি এ তথ্য জানান।

একটি সুস্থ জাতি গঠন এবং আগামী প্রজন্মের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করতে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইনের গুরুত্ব তুলে ধরে সিভিল সার্জন বলেন, পাবনার ২ হাজার ৯৭৭টি শিক্ষা প্রতিষ্ঠানে নবম শ্রেণি পর্যন্ত অধ্যয়নরত সকল শিক্ষার্থী এবং শিক্ষা প্রতিষ্ঠান বহির্ভূত এবং স্কুল পর্যায়ে বাদপড়াদের জেলার ১ হাজার ৮৬০টি ইপিআই টিকাদান কেন্দ্রে নির্ধারিত দিনে টিকা প্রদান কার্যক্রম চলমান থাকবে।

পাবনা সিনিয়র তথ্য অফিসার মো. সামিউল আলম এর পরিচালনায় অনুষ্ঠানে অতিরিক্ত জেলা প্রশাসক মো. জাহাঙ্গীর আলম, সহকারী পুলিশ সুপার সাদিক আহমদ, পাবনা প্রেসক্লাবের সভাপতি আখতারুজ্জামান আক্তার, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক জহুরুল ইসলাম, ডেপুটি সিভিল সার্জন ডা. মোহাম্মদ খায়রুল কবীর এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিনিধি ডা. রাশেদুল বারী বক্তৃতা করেন।

---

তৌহিদ/আতিক/আ. হালিম/২০২৫/১৭:০০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd